# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ বিবাহ ও দাম্পত্য

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

স্বামী মারা গেলে মহিলা কোথায় ইদ্দত পালন করবে?

যে গৃহ থেকে স্বামী মরার খবর পাবে, সেই গৃহ তার জন্য নিরাপদ ও সুবিধাজনক হলে সেখানে ৪ মাস ১০ দিন অথবা গর্ভকাল ইদ্দত পালন করবে। মহানবী (সঃ) ফুরাইআহকে বলেছিলেন,

“তুমি সেই গৃহে অবস্থান কর, যে গৃহে তোমার কাছে তোমার স্বামীর মৃত্যু সংবাদ এসেছে।” ৫৯৯ (আহমাদ ৬/৩৭০, ইবনে মাজাহ ২০৩১, হাকেম ২/২২৬, ত্বাবারানীর কাবীর ১০৮৪ নং, বাইহাক্বী ৭/ ৪৩৪)

সুতরাং সে যদি সেই সময় স্ত্রীর মায়ের বাড়িতে থাকে এবং শ্বশুরবাড়ি অপেক্ষা সেই বাড়ি সুবিধাজনক ও নিরাপদ হয়, তাহলে সেখানেই ইদ্দত পালন করতে হবে। মেয়েরা বাড়িতে থাকলেও তাই। নচেৎ স্বামী গৃহে ফিরে যেতে হবে।

পক্ষান্তরে স্বামী গৃহে থাকা অবস্থায় স্বামী মারা গেলে এবং সেখানে তাকে দেখাশোনা করার মতো কোন মাহরাম পুরুষ বা তেমন কেউ না থাকলে, সেখানে বসবাস করা তার অসুবিধাজনক বা ক্ষতিকর হলে মায়ের বাড়িতে গিয়ে ইদ্দত পালন করতে পারে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=485

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন